গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
স্থানীয় সরকার শাখা

স্মারক নম্বর: ০৫.৪১.৩৩০০.০০০.০০৮.০৫.০০০৩.১৭.২৩

তারিখ: ২৫ কার্তিক ১৪৩৩ / ১০ নভেম্বর ২০২৬

বিষয়: কারণ দর্শানো সংক্রান্ত

সূত্র: জেলা প্রশাসক, গাজীপুর মহোদয়ের ১০/১১/২৬ খ্রি. তারিখের পরিদর্শন মোতাবেক মৌখিক নির্দেশনা।

যেহেতু, আপনি জনাব মঞ্জয় দেবনাথ, ইউপি প্রশাসনিক কর্মকর্তা, নাগরী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর হিসেবে কর্মরত আছেন;

যেহেতু, অদ্য ১০/১১/২০২৬ খ্রি. তারিখে জেলা প্রশাসক, গাজীপুর কর্তৃক নাগরী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর বিভিন্ন রেজিস্টার পরিদর্শনকালে নিম্নলিখিত অনিয়ম পরিলক্ষিত হয়:

(ক) জন্ম নিবন্ধন রেজিস্টার সঠিকভাবে প্রত্যয়ন করা নেই;

(খ) জন্ম নিবন্ধন রেজিস্টার এর শেষের ৪-৫ পাতায় দায়িত্বরতদের স্বাক্ষর নেই।

যেহেতু, এহেন আচরণ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ এর ৩৪ (ক) এবং ৩৪ (খ) বিধিমতে দায়িত্ব পালনে অবহেলা ও অদাচরণের সামিল;

সেহেতু, কেন আপনাকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ এর ৩৫ (ক) অথবা ৩৫ (খ) বিধি মতে উপযুক্ত দন্ড আরোপ করা হবে না তা পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশক্রমে বলা হলো।

১০-১১-২০২৬
নূর নাহিন নিশাদ
সহকারী কমিশনার
ফোন : ০২-৪৯২৭৩১০০
ইমেইল : ddlggazipur@gmail.com

জনাব মঞ্জয় দেবনাথ, ইউপি প্রশাসনিক কর্মকর্তা
নাগরী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর।

তারিখ: ২৫ কার্তিক ১৪৩৩
১০ নভেম্বর ২০২৬

স্মারক নম্বর: ০৫.৪১.৩৩০০.০০০.০০৮.০৫.০০০৩.১৭.২৩/১ (৪)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালীগঞ্জ, গাজীপুর।
৩। সহকারী কমিশনার (গোপনীয়), গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর।
৪। অফিস কপি।

১০-১১-২০২৬
নূর নাহিন নিশাদ
সহকারী কমিশনার